

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৪০

পরিচ্ছেদঃ নবী (ৠৄর্র) এর নাম।

بَابُ مَا جَاءَ فِي أُسْمَاءِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّقَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، حَدَّقَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ مُحَمَّدِ بْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ لِي أَسْمَاءً أَنَا مُحَمَّدٌ وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ مُحَمَّدٌ وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ النَّاسُ عَلَى قَدَمِي وَأَنَا الْعَاقِبُ الَّذِي لَيْسَ بَعْدِي نَبِيُّ ". وَفِي الْبَابِ عَنْ حُذَيْفَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২৮৪০. সাঈদ ইবন আবদুর রহমান মাখযূমী (রহঃ) ... মুহাম্মাদ ইবন জুবায়র ইবন মুত'ইম তার পিতা জুবায়র ইবন মুত'ইম রাদিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার বহু নাম আছেঃ আমি মুহাম্মাদ (প্রশংসিত), আমি আহমদ (সর্বাধিক প্রশংসাকারী), আমি মাহী- যার মাধ্যমে আল্লাহ্ ত'আলা কুফরকে বিলীন করেন, আমি হাশিম- আমার পদাঙ্কে লোকদের হাশর করা হবে, আমিই আকিব - যার পরে কোন নবীর আগমন ঘটবে না।

সহীহ, মুখতাসার শামাইল ৩১৫, রাওযুন নাযীর ১/৩৪০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৪০ [আল মাদানী প্রকাশনী]
(আবু ঈসা বলেন)এ হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Muhammad bin Jubair bin Mut'im:

from his father that the Messenger of Allah (ﷺ) said: "I have some names: I am Muhammad, I am Ahmad, I am Al-Mahi, the one by whom Allah wipes out disbelief, I am Al-Hasir, the one whom the people are gathered at his feet,



and I am Al-'Aqib, the one after whom there is no Prophet."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবনু জুবায়র (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন